৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

তারিখ: ০৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি ২০২৩

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুলাই ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এবং ০৮ নভেম্বর ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. উদ্যোক্তাগণের মেয়াদি ঋণ/বিনিয়োগের পাশাপাশি চলতি মূলধন ঋণ/বিনিয়োগের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের গ্রাহকদের উক্ত চাহিদা পূরণে অর্থায়ন করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়ায় বর্ণিত স্কিমের আওতায় মেয়াদি ঋণ/বিনিয়োগের পাশাপাশি চলতি মূলধন ঋণ/বিনিয়োগের ক্ষেত্রেও পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। কিন্তু অংশগ্রহণকারী বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত পুনঃঅর্থায়নের আবেদন পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, কিছু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের অনুকূলে এককালীন/বিভিন্ন ধরনের কিস্তিতে আদায়ের শর্তে ১২ মাসের অধিক মেয়াদের জন্য চলতি মূলধন ঋণ/বিনিয়োগ প্রদান করেছে, যা চলতি মূলধন ঋণ/বিনিয়োগের মূল বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

৩. এতদপ্রেক্ষিতে, আলোচ্য স্কিমের আওতায় যথাযথভাবে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ খাতে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

ক) চলতি মূলধন ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ১২(বার) মাস। তবে, চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রয়োজনবোধে নবায়ন করা যাবে এবং নবায়নকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের নিকট পুনরায় আবেদন করতে পারবে।

খ) চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মেয়াদান্তে সুদ/মুনাফাসহ আসল এককালীন আদায় করা হবে।

৪. এছাড়া, পুনঃঅর্থায়নের আবেদনের সময় এতদসঙ্গে সংযুক্ত সংশোধনকৃত সংযোজনী-'খ' ও সংযোজনী-'গ' ব্যবহার করতে হবে।

৫. এতদ্ব্যতীত, সূত্রে বর্ণিত সার্কুলারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৭. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোন: ৯৫৩০৫০২

সংযোজনী-'খ'

সূত্র: -----------------

তারিখ:-------------

পরিচালক (এসএমইএসপিডি)
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

মহোদয়,

**'সিএমএসএমই খাতে মেয়াদি ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম' হতে**
**পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুলাই ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর নির্দেশনা অনুসরণপূর্বক উক্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ----------------- তারিখ হতে ------------- তারিখ পর্যন্ত সময়ে ----------- জন সিএমএসএমই উদ্যোক্তার অনুকূলে মোট-------------টাকা ঋণ/বিনিয়োগ বিতরণ করা হয়েছে। আলোচ্য ঋণ/বিনিয়োগ বিতরণে সার্কুলারে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত স্কিমের আওতায় এ পর্যন্ত অর্থায়নের খাতওয়ারী বিভাজন নিম্ন ছকে উল্লেখ করা হলো:

| উদ্যোগের প্রকৃতি | বিতরণের হার | ঋণ/বিনিয়োগের ধরন | বিতরণের হার | উদ্যোগের ধরন | বিতরণের হার |
|---|---|---|---|---|---|
| উৎপাদন | | মেয়াদি | | কুটির, মাইক্রো ও ক্ষুদ্র | |
| সেবা | | চলতি মূলধন | | মাঝারি | |
| ব্যবসা | | | | | |

বর্ণিত অর্থায়নের বিপরীতে উল্লিখিত পুনঃঅর্থায়ন স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য (সংযোজনী-'গ') এতদসঙ্গে দাখিল করা হলো। উক্ত আবেদনসংশ্লিষ্ট তথ্যাদি ইতিমধ্যে অনলাইনে দাখিল করা হয়েছে যার বিবরণ নিম্নরূপঃ

| অনলাইন আবেদন তারিখ | অনলাইন ট্র্যাকিং নম্বর |
|---|---|
| | |

এমতাবস্থায়, অত্র ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে সংযুক্ত বর্ণনা মোতাবেক মোট -------------টাকা (কথায়-------) পুনঃঅর্থায়ন প্রদান করে বাধিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(-------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান
---------------------- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
ফোন: ---------------------
ই-মেইল:-------------------------

সংযোজনী:
১। ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্য (সংযোজনী-'গ')।

সংযোজনী-‘গ’

## “সিএমএসএমই খাতে মেয়াদি ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম” এর আওতায়

## পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্য

| | |
|---|---|
| ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম: | |
| অর্থায়ন সময়কাল: | |

| ক্রমিক নং | ঋণ/বিনিয়োগ গ্রহীতা/উদ্যোগের বিবরণ | | | | | | | | | ঋণ/বিনিয়োগ ও পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য | | | | | | | | | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | মালিকানার প্রকৃতি (প্রোপ্রাইটরশিপ/যৌথ মালিকানা/কোম্পানি) | ব্যবসা/কার্যক্রমের ধরন/বিবরণ | উদ্যোগের ধরন (কুটির/মাইক্রো/ক্ষুদ্র/মাঝারি) | উদ্যোগের প্রকৃতি (উৎপাদন/সেবা/ব্যবসা) | ট্রেড লাইসেন্স নং | উদ্যোক্তা/উদ্যোক্তাদের নাম | NID নং | ঋণ/বিনিয়োগ হিসাব নং | ঋণ/বিনিয়োগ বিতরণের তারিখ | ঋণ/বিনিয়োগের ধরন (মেয়াদি/চলতি মূলধন) | ঋণ/বিনিয়োগের উদ্দেশ্য | বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা) | গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার (%) | গ্রেস পিরিয়ড (মাস) | গ্রেস পিরিয়ডসহ ঋণ/বিনিয়োগের মেয়াদ (মাস) | দাবীকৃত পুনঃঅর্থায়নের পরিমাণ (টাকা) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) | (১৭) | (১৮) | (১৯) | (২০) |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | - | - | | | - | - | - | - | - | - | | - | | | - | - | - | | - |
| | | | | | | | | | | | | | | | | | | | |

আপনাদের বিশ্বস্ত,

(---------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান
---------------------- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
ফোন: ----------------------
ই-মেইল:--------------------------